রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**আইন ও সংস্থা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

নং ৪১.০০.০০০০.০৫২.০১.০০১.২০.৬৬।—প্রতিবন্ধী ব্যক্তির তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য ২০১৩ খ্রিষ্টাব্দ হতে শুরু করে নিয়মিত প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ পরিচালনা করা হচ্ছে। প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য ওয়েববেজড অ্যাপ্লিকেশনসহ Disability Information System (www.dis.gov.bd) ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে, যা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন সরকারি-বেসরকারি কর্তৃপক্ষ ও সংস্থা কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তিবর্গের এ তথ্যভান্ডার ব্যবহারের চাহিদার পরিপ্রেক্ষিতে একটি তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ ছাড়াও প্রতিবন্ধী ব্যক্তিদের ছবিসহ তথ্যসংবলিত তথ্যভান্ডার প্রস্তুত করে এ-সংক্রান্ত যাবতীয় তথ্য সকল প্রশাসনিক মন্ত্রণালয়ের ব্যবহার-উপযোগীকরণ প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচির অন্যতম উদ্দেশ্য। এই উদ্দেশ্য পূরণকল্পে, বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা ও কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্তের ব্যবহার সুগম করার জন্য “প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা, ২০২১” অনুমোদন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তোফাজ্জেল হোসেন**
সহকারী সচিব (আইন ও সংস্থা)।



**মূল্য :** টাকা ২০.০০

## প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা, ২০২১

**পটভূমি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে সকলের জন্য সমঅধিকার, মানবসত্তার মর্যাদা, মৌলিক মানবাধিকার ও সামাজিক সাম্য প্রতিষ্ঠার অঙ্গিকার ব্যক্ত করা হয়েছে। বাংলাদেশ প্রতিবন্ধী ব্যক্তির অধিকারসংক্রান্ত জাতিসংঘ সনদ (United Nations Convention on the Rights of the Persons with Disabilities) অনুসমর্থন করেছে বিধায় প্রতিবন্ধী জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন ও সার্বিক কল্যাণের লক্ষ্যে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩' প্রণয়ন করা হয়েছে। উক্ত আইনের ধারা ৩১ এ প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের উল্লেখ রয়েছে। সে লক্ষ্যে সকল প্রতিবন্ধী ব্যক্তির তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য ২০১৩ খ্রিষ্টাব্দ হতে শুরু করে নিয়মিত প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ পরিচালনা করা হচ্ছে। এটি একটি চলমান কার্যক্রম। প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য ওয়েববেজড অ্যাপ্লিকেশনসহ Disability Information System (www.dis.gov.bd) ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে, যা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

বিভিন্ন সরকারি-বেসরকারি কর্তৃপক্ষ ও সংস্থা কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তিবর্গের এ তথ্যভান্ডার ব্যবহারের চাহিদার পরিপ্রেক্ষিতে একটি তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ ছাড়াও প্রতিবন্ধী ব্যক্তিদের ছবিসহ তথ্যসংবলিত তথ্যভান্ডার প্রস্তুত করে এ-সংক্রান্ত যাবতীয় তথ্য সকল প্রশাসনিক মন্ত্রণালয়ের ব্যবহার-উপযোগীকরণ প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচির অন্যতম উদ্দেশ্য। এ উদ্দেশ্য পূরণকল্পে, বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা ও কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্তের ব্যবহার সুগম করার জন্য প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা, ২০২১ প্রণয়ন করা হলো:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই নীতিমালা 'প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা, ২০২১' নামে অভিহিত হবে।

(২) এটি অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে, এই নীতিমালায়—**

(১) 'আইন' অর্থ 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩';

(২) 'এনডিডি ট্রাস্ট' অর্থ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট;

(৩) 'জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন' অর্থ সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন 'জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন';

(৪) ‘ডিআইএস (DIS) ওয়েববেজড অ্যাপ্লিকেশন’ অর্থ ‘Disability Information System (www.dis.gov.bd)’ এবং ভবিষ্যতে এর যে-কোনো Extension বা Additional Module-কে বুঝাবে;

(৫) ‘ডিএসএস (DSS)’ অর্থ Department of Social Services-এর সংক্ষিপ্ত রূপ;

(৬) ‘তথ্য-উপাত্ত’ অর্থ ‘প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩’ এর ধারা ৩১ অনুসারে নিবন্ধিত এবং ‘Disability Information System’ (www.dis.gov.bd) শিরোনামে তৈরিকৃত ওয়েববেজড অ্যাপ্লিকেশনে সংরক্ষিত তথ্য-উপাত্ত;

(৭) ‘নিবন্ধিত সংস্থা’ অর্থ The Voluntary Social Welfare (Registration and Control) Ordinance,1961 এর অধীন নিবন্ধিত সংস্থা;

(৮) ‘প্রতিবন্ধিতা’ অর্থ ‘প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩’-এর ধারা ২-এর উপধারা (৯)-এ বর্ণিত প্রতিবন্ধিতাকে বুঝাবে;

(৯ ) ‘প্রতিবন্ধী ব্যক্তি’ অর্থ ‘প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩’-এর ধারা ৩-এ বর্ণিত যে-কোনো ধরনের প্রতিবন্ধিতাসম্পন্ন ব্যক্তি;

(১০) ‘ব্যবস্থাপনা পরিচালক’ অর্থ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন-এর ব্যবস্থাপনা পরিচালক;

(১১) ‘মহাপরিচালক’ অর্থ সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক;

(১২) ‘সংস্থা’ অর্থ যে-কোনো কর্তৃপক্ষের অধীন নিবন্ধিত সংস্থা; এবং

(১৩) ‘সরকারি সংস্থা’ অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যে-কোনো মন্ত্রণালয়/ বিভাগ বা তদধীন যে-কোনো দপ্তর, অধিদফতর বা সংস্থা।

৩। **প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত ব্যবহার।**—(১) প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত সমাজসেবা অধিদফতরাধীন ওয়েববেজড অ্যাপ্লিকেশন Disability Information System (www.dis.gov.bd) ডাটাবেজ থেকে ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

(ক) **সরকারি কর্তৃপক্ষ বা সংবিধিবদ্ধ সংস্থা বা নিবন্ধিত সংস্থা কর্তৃক ইউজার আইডি ও পাসওর্য়াড গ্রহণের মাধ্যমে পরিচয়পত্র অনলাইনে যাচাই:** প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র অনলাইনে যাচাই-এর ক্ষেত্রে Disability Information System (www.dis.gov.bd) ডাটাবেজ-এ প্রবেশ করে নির্ধারিত মেনুর মাধ্যমে যাচাই করা যাবে। উল্লেখ্য, লগইন করার সময় নিবন্ধনকৃত ইউজার আইডি, পাসওর্য়াড এবং সেলফোন নম্বরে প্রেরণকৃত OTP(One-time Password)-এর মাধ্যমে লগইন করে যাচাই কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(খ) **সরকারি কর্তৃপক্ষ বা সংবিধিবদ্ধ সংস্থা বা নিবন্ধিত সংস্থার নির্ধারিত অনলাইনভিত্তিক সফটওয়্যার কর্তৃক তথ্য-উপাত্ত ব্যবহার:** সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষা ও উন্নয়ন নিশ্চিতকল্পে সংস্থার নিজস্ব কার্যক্রম পরিচালনার স্বার্থে উক্ত সংস্থার অনলাইন বেজড সফটওয়্যার এবং Disability Information System এর সঙ্গে Application Programming Interface (API) প্রতিষ্ঠার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তির তথ্য ও উপাত্ত সংগ্রহ ও ব্যবহার করতে পারবে; এবং

(গ) **এককালীন তথ্য-উপাত্ত সরবরাহ:** এককালীন তথ্য-উপাত্ত প্রাপ্তির জন্য কোনো ব্যক্তি ও সংস্থা কর্তৃক অনলাইন-অফলাইনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আবেদনপূর্বক তথ্য-উপাত্ত সংগ্রহ করতে পারবে।

(২) উপানুচ্ছেদ (১)-এর (ক) এবং (খ)-এর অধীন তথ্য-উপাত্ত প্রাপ্তির জন্য মহাপরিচালক বরাবর যথাক্রমে পরিশিষ্ট-১ ও পরিশিষ্ট-২ অনুসারে অনলাইনে বা সরাসরি-লিখিতভাবে আবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্র ও এর সঙ্গে সংযুক্ত দলিলাদি যাচাই এবং প্রয়োজনে তদন্ত কাজ সম্পন্ন করে মহাপরিচালক যথাযথ মনে করলে উক্ত আবেদন মঞ্জুর অথবা যথাযথ না হলে নামঞ্জুর করতে পারবেন এবং নামঞ্জুরের বিষয়টি আবেদনকারীকে অবহিত করবেন। তবে আবেদন প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে তা নিষ্পত্তি করতে হবে।

(৩) উপানুচ্ছেদ (২)-এর অধীন আবেদন মঞ্জুর করা হলে মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা আবেদনকারী সংস্থা, কর্তৃপক্ষ, বা নিবন্ধিত সংস্থাকে পত্র দ্বারা অবহিত করবেন।

(৪) সংশ্লিষ্ট আবেদনকারী সংস্থা, কর্তৃপক্ষ, বা নিবন্ধিত সংস্থা কর্তৃক প্রাপ্তি স্বীকারপত্র পাওয়ার পর মহাপরিচালকের সাথে চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ জানানো হবে।

(৫) উপানুচ্ছেদ (৪)-এ উল্লিখিত চুক্তি সম্পাদনের পর মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা আবেদনকারী সংস্থা বা কর্তৃপক্ষকে চাহিত তথ্য-উপাত্ত যথাযথ প্রক্রিয়ায় সরবরাহ করবেন।

(৬) চুক্তি সম্পাদনকারী সরকারি সংস্থা বা কর্তৃপক্ষ এর ক্ষেত্রে উপানুচ্ছেদ (১৩) এ বর্ণিত চার্জ প্রযোজ্য হবে না।

(৭) উপানুচ্ছেদ (১) (গ)-এর অধীন প্রতিবন্ধিতাবিষয়ক যে-কোনো তথ্য-উপাত্ত এককালীন প্রাপ্তির জন্য কোনো ব্যক্তি অথবা সংস্থা মহাপরিচালকের নিকট পরিশিষ্ট-৩ অনুসারে সরাসরি অথবা অনলাইনে আবেদন করতে পারবে।

(৮) উপানুচ্ছেদ (৭)-এর অধীন দাখিলকৃত আবেদনের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হলে উপানুচ্ছেদ ১৩-এ উল্লিখিত ফি পরিশোধসাপেক্ষে মহাপরিচালক প্রার্থিত তথ্য-উপাত্তের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরাসরি বা ইহার ইলেকট্রনিক কপি সরবরাহ করতে পারবেন।

(৯) বিশেষ প্রয়োজনে এলাকাভিত্তিক সংশ্লিষ্ট কার্যালয় (উপজেলা/শহর/জেলা/বিভাগীয় সমাজসেবা কার্যালয়/প্রতিবন্ধিতা শনাক্তকরণ কর্মসূচি) শুধুমাত্র 'লিঙ্গ ও ধরনভিত্তিক গাণিতিক তথ্য' কোনো ব্যক্তি অথবা সংস্থাকে উপানুচ্ছেদ ১৩-এ উল্লিখিত ফি পরিশোধসাপেক্ষে সরাসরি বা ইহার ইলেকট্রনিক কপি সরবরাহ করতে পারবে।

(১০) সরবরাহকৃত তথ্য-উপাত্ত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষা, উন্নয়ন ও গবেষণামূলক কর্মকান্ড ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

(১১) ডাটাবেজ হতে প্রতিবন্ধী ব্যক্তি-সম্পর্কিত যেসকল তথ্য-উপাত্ত সরবরাহ করা হবে তার যথাযথ গোপনীয়তা বজায় রাখতে হবে এবং উক্ত তথ্য-উপাত্ত কোনো অবস্থাতেই তৃতীয় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর, বিনিময় কিংবা অন্য কোনো পন্থায় প্রদান করা যাবে না।

(১২) উপানুচ্ছেদ (১)-এর (ক), (খ) ও (গ)-এর অধীন কোনো প্রতিবন্ধী ব্যক্তি-সম্পর্কিত তথ্য-উপাত্ত সরবরাহের পর তার গোপনীয়তা লঙ্ঘন বা অন্য বেআইনি ব্যবহারের জন্য সমাজসেবা অধিদফতর দায়ী থাকবে না এবং এরূপ গোপনীয়তা লঙ্ঘন বা বেআইনি ব্যবহারের কারণে কোনো আইনগত কার্যধারার উদ্ভব হলে সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক বা মহাপরিচালক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি দায়মুক্ত থাকবেন। এরূপ ক্ষেত্রে সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক দায়ী ব্যক্তির বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধন) আইন, ২০০৯, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সংশোধন) আইন, ২০১৩-সহ প্রযোজ্য অন্যান্য আইনের অধীন প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

(১৩) চার্জ, ফি ইত্যাদি—

(১) তথ্য-উপাত্ত ব্যবহার ফি বা ক্ষেত্রমতে চার্জ হবে নিম্নরূপ, যথা:

| ক্রম | সেবা | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ১। | **কোনো ব্যক্তি, স্বেচ্ছাসেবী সংস্থা ও স্থানীয় এনজিও কর্তৃক এককালীন তথ্য-উপাত্ত গ্রহণের ক্ষেত্রে :** | |
| ১.১ | আবেদন ফি | ৩,০০০ (তিন হাজার টাকা) |
| ১.২ | প্রতিটি তথ্য-উপাত্ত গ্রহণের জন্য চার্জ | ০.৫০ (পয়সা) |
| ২। | **বৈদেশিক সাহায্যপুষ্ট সংস্থা/আন্তর্জাতিক এনজিও কর্তৃক এককালীন তথ্য-উপাত্ত গ্রহণের ক্ষেত্রে :** | |
| ২.১ | আবেদন ফি | ৩,০০,০০০ (তিন লক্ষ টাকা) |
| ২.২ | প্রতিটি তথ্য-উপাত্ত গ্রহণের জন্য চার্জ | ০.৫০ (পয়সা) |

(২) উপানুচ্ছেদ (১)-এ উল্লিখিত ফি বা, ক্ষেত্রমতে চার্জ, যথাযথ প্রক্রিয়ায় ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে।

(৩) সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ নিজস্ব ব্যয়ে API ডেভেলপ করে নিজস্ব ডোমেইনভুক্ত অ্যাপ্লিকেশন সিস্টেমের মাধ্যমে তথ্য উপাত্ত গ্রহণ করবে।

৪। **জটিলতা নিরসনে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ক্ষমতা।**—এই নীতিমালার কোনো অংশের অস্পষ্টতার কারণে তা কার্যকর করার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে, সমাজকল্যাণ মন্ত্রণালয় অন্যান্য বিধানের সঙ্গে সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় প্রজ্ঞাপন/পরিপত্র জারির মাধ্যমে উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা দিতে পারবে।

৫। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—এই নীতিমালা প্রবর্তনের পর সমাজসেবা অধিদফতর, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পরিপত্রের মাধ্যমে এই নীতিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করতে পারবে, যা এই নীতিমালার নির্ভরযোগ্য ইংরেজি পাঠ (Authentic English Text) নামে অভিহিত হবে:

তবে শর্ত থাকে যে, এই নীতিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠই প্রাধান্য পাবে।

৬। **নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা।**—সরকার নীতিমালার সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করবে।

**মাহফুজা আখতার**
সচিব।

**পরিশিষ্ট-১**

সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ সংস্থা বা নিবন্ধিত সংস্থা কর্তৃক ইউজার আইডি ও পাসওয়ার্ড-এর মাধ্যমে পরিচয়পত্র অনলাইনে যাচাই এর জন্য আবেদন ফরম

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন]

[অনুচ্ছেদ ৩ দ্রষ্টব্য]

| | | |
|---|---|---|
| ১. | **সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ সংস্থার ক্ষেত্রে** | |
| | সংস্থার নাম : | |
| | **ঠিকানা** | |
| | স্থায়ী : | |
| | বর্তমান : | |
| | ডোমেইনভুক্ত ই-মেইল ঠিকানা : | |
| | গেটওয়ে আইপি : | |
| ২. | **নিবন্ধিত সংস্থার ক্ষেত্রে** | |
| | সংস্থার নাম : | |
| | নিবন্ধন নম্বর ও তারিখ (সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) : | |
| | সংস্থার ঠিকানা : | |
| | সর্বশেষ অনুমোদিত কমিটির তালিকা (অনুমোদনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) : | |
| | কর্মএলাকা (একাধিক জেলায় সম্প্রসারিত হলে সম্প্রসারণ আদেশের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে): | |
| ৩. | তথ্য-উপাত্ত গ্রহণের উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন): | |
| ৪. | চাহিত তথ্য-উপাত্তের বিবরণ: | |
| ৫. | চাহিত তথ্য-উপাত্তের সংখ্যা: | |

| | | |
|---|---|---|
| ৬. | **আবেদনকারীর পক্ষে মহাপরিচালক হতে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির ( প্রশাসনিক ) ক্ষেত্রে** | |
| | নাম : | |
| | জাতীয় পরিচয়পত্র নম্বর : | |
| | পদবি: | |
| | ফোন নম্বর : | |
| | ফ্যাক্স নম্বর : | |
| | মোবাইল নম্বর : | |
| | ডোমেইনভুক্ত ই-মেইল ঠিকানা : | |
| ৭. | **আবেদনকারীর পক্ষে পরিচয়পত্র যাচাই এর জন্য ক্ষমতাপ্রাপ্ত ( টেকনিক্যাল) ব্যক্তির ক্ষেত্রে** | |
| | নাম : | |
| | জাতীয় পরিচয়পত্র : | |
| | পদবি : | |
| | ফোন নম্বর : | |
| | ফ্যাক্স নম্বর : | |
| | মোবাইল নম্বর : | |
| | ডোমেইনভুক্ত ই-মেইল ঠিকানা : | |

আবেদনকারীর স্বাক্ষর

**পরিশিষ্ট-২**

সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ সংস্থা বা নিবন্ধিত সংস্থার সাথে Application Programming Interface (API)-এর মাধ্যমে তথ্য-উপাত্ত গ্রহণের জন্য আবেদন ফরম

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন]

[অনুচ্ছেদ ৩ দ্রষ্টব্য]

| | | |
|---|---|---|
| ১. | **সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ সংস্থার ক্ষেত্রে** | |
| | সংস্থার নাম: | |
| | ঠিকানা | |
| | স্থায়ী : | |
| | বর্তমান : | |
| | নিজস্ব ডোমেইনভুক্ত ই-মেইল : | |
| | গেটওয়ে আইপি : | |
| ২. | **নিবন্ধিত সংস্থার ক্ষেত্রে** | |
| | সংস্থার নাম : | |
| | নিবন্ধন নম্বর ও তারিখ (সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) : | |
| | সংস্থার ঠিকানা : | |
| | সর্বশেষ অনুমোদিত কমিটির তালিকা (অনুমোদনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) : | |
| | কর্মএলাকা (একাধিক জেলায় সম্প্রসারিত সংস্থা হলে সম্প্রসারণ আদেশের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে): | |
| ৩. | তথ্য-উপাত্ত গ্রহণের উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন): | |
| ৪. | চাহিত তথ্য-উপাত্তের বিবরণ: | |
| ৫. | চাহিত তথ্য-উপাত্তের সংখ্যা: | |

| | | |
|---|---|---|
| ৬. | **আবেদনকারীর পক্ষে মহাপরিচালক হতে মাস্টার ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির ( প্রশাসনিক ) ক্ষেত্রে** | |
| | নাম : | |
| | জাতীয় পরিচয়পত্র নম্বর: | |
| | পদবি: | |
| | ফোন নম্বর : | |
| | ফ্যাক্স নম্বর : | |
| | মোবাইল নম্বর : | |
| | ই-মেইল ঠিকানা : | |
| ৭. | **আবেদনকারীর পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ( টেকনিক্যাল ) ব্যক্তির ক্ষেত্রে** | |
| | নাম : | |
| | জাতীয় পরিচয়পত্র নম্বর: | |
| | পদবি: | |
| | ফোন নম্বর : | |
| | ফ্যাক্স নম্বর : | |
| | মোবাইল নম্বর : | |
| | ডোমেইনভুক্ত ই-মেইল ঠিকানা : | |
| ৮. | **প্রার্থিত সংস্থার সফটওয়্যার সংক্রান্ত তথ্যাবলি (API প্রতিষ্ঠার নিমিত্ত)** | |
| | ডোমেইন নাম : | |
| | হোস্টিং তথ্য : | |
| | রিয়েল আইপি এড্রেস ( Real IP Address ) : | |
| | হার্ডওয়্যার এবং সফটওয়্যার তথ্য: | |
| | সফটওয়্যার মেইনটেন্যান্স ভেন্ডরের নাম: | |

আবেদনকারীর স্বাক্ষর

**পরিশিষ্ট-৩**

কোনো ব্যক্তি, সংস্থা ও স্থানীয়/বৈদেশিক এনজিও কর্তৃক তথ্য-উপাত্ত এককালীন প্রাপ্তির জন্য আবেদন ফরম

[প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদান করুন]

[অনুচ্ছেদ ৩ দ্রষ্টব্য]

ক্রমিক নং…………………… (অফিস কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে প্রদান করতে হবে)

| | | |
|---|---|---|
| ১. | **আবেদনকারীর** | |
| | নাম-(বাংলায়) : | |
| | নাম-ইংরেজীতে: | |
| | জাতীয় পরিচয়পত্র নম্বর : | |
| | জন্মতারিখ: | |
| ২. | **আঠারো বছরের কম বয়স্ক/আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত আবেদনকারীর ক্ষেত্রে আইনানুগ অভিভাবকের** | |
| | নাম (বাংলায়) : | |
| | পিতার নাম/স্বামীর নাম: | |
| | মাতার নাম: | |
| | জাতীয় পরিচয় নম্বর : | |
| | পেশা : | |
| | জাতীয়তা : | |
| ৩. | **ঠিকানা** | |
| | স্থায়ী ঠিকানা : | |
| | বর্তমান ঠিকানা : | |
| | ই-মেইল ঠিকানা : | |
| ৪. | **সংস্থার তথ্যাবলি** | |
| | সংস্থার নাম | |
| | নিবন্ধন নম্বর ও তারিখ (সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) : | |
| | সংস্থার ঠিকানা : | |
| | সর্বশেষ অনুমোদিত কমিটির তালিকা (অনুমোদনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) : | |
| | কর্মএলাকা (একাধিক জেলায় সম্প্রসারিত সংস্থা হইলে সম্প্রসারণ আদেশের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে): | |

| | | |
|---|---|---|
| ৫. | DIS-এ সংরক্ষিত তথ্য/উপাত্ত প্রাপ্তির উদ্দেশ্য, গুরুত্ব ও যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন) : | |
| ৬. | অনুচ্ছেদ-৩'-এর উপঅনুচ্ছেদ-(১৩)- এ উল্লিখিত পদ্ধতি অনুসারে ফি ও চার্জ জমাদানের পর এর রশিদ সংযুক্ত করতে হবে। | |

আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি
(প্রযোজ্য ক্ষেত্রে)

...........................................................
নাম :

ঠিকানা :

মোবাইল নম্বর :

ই-মেইল (যদি থাকে) :

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি
(প্রযোজ্য ক্ষেত্রে)

....................................................
নাম :

ঠিকানা :

মোবাইল নম্বর :

ই-মেইল (যদি থাকে) :

**পরিশিষ্ট-৪**

## ‘Disability Information System’-এ সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণসংক্রান্ত দ্বিপাক্ষিক চুক্তিপত্র

সরকারি কর্তৃপক্ষ বা সংবিধিবদ্ধ সংস্থা বা নিবন্ধিত সংস্থা কর্তৃক ‘Disability Information System’-এ সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণের বিষয়ে এ চুক্তি সম্পাদনকারী পক্ষদ্বয় নিম্নরূপ:

প্রথম পক্ষ: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর

এবং

দ্বিতীয় পক্ষ: ........................................................................................................

(অত:পর দ্বিতীয় পক্ষ বলে উল্লিখিত)

### প্রস্তাবনা

যেহেতু ‘প্রতিবন্ধী ব্যক্তি অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩’-এর ধারা ৩১ অনুসারে প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র প্রস্তুতকরণ, বিতরণ ও রক্ষণাবেক্ষণসহ আনুষঙ্গিক সকল দায়িত্ব পালনের জন্য সমাজসেবা অধিদফতর, তথা তার অধীন উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় ক্ষমতাপ্রাপ্ত;

যেহেতু অধিদফতর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী ব্যক্তিগণের পরিচয়পত্রসমূহের বিপরীতে সংরক্ষিত তথ্য উপাত্তসংবলিত একটি ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে;

যেহেতু দ্বিতীয় পক্ষের নিজস্ব কার্যক্রম পরিচালনার স্বার্থে ‘Disability Information System’ ডাটাবেজে প্রবেশাধিকারের মাধ্যম তথ্য-উপাত্ত গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে;

যেহেতু, ‘প্রতিবন্ধী ব্যক্তির তথ্য-উপাত্ত ব্যবহার নীতিমালা, ২০২১’ অনুসারে অধিদফতরের নিকট সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণের আবেদন ( অফলাইন/অনলাইন ) অধিদফতর কর্তৃক মঞ্জুর হয়েছে;

সেহেতু নিম্নরূপ বর্ণিত অনুচ্ছেদসমূহে উল্লিখিত শর্তাবলী অনুসারে অধিদফতর ও দ্বিতীয় পক্ষের মধ্যে অদ্য তারিখে এই চুক্তিপত্র সম্পাদিত হলো:

### ‘অনুচ্ছেদ ও শর্তাবলী’

অনুচ্ছেদ-১: লিংক স্থাপন, ‘Disability Information System’-এর ডাটাবেজে প্রবেশ ও তথ্য-উপাত্ত সংগ্রহ

(ক) প্রযোজ্য ক্ষেত্রে দ্বিতীয় পক্ষ তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য ‘Disability Information System’-এ ডাটাবেজের সঙ্গে সংযোগ স্থাপন করতে পারবে। এতদুদ্দেশ্যে দ্বিতীয় পক্ষ নিজ ব্যয় ও দায়িত্বে উপযুক্ত সংযোগ মিডিয়া (Appropriate Connecting Link) ও প্রয়োজনীয় আইসিটি সরঞ্জাম স্থাপন করবে;

(খ) 'Disability Information System'-এ ডাটাবেজে প্রবেশাধিকার প্রাপ্তির জন্য দ্বিতীয় পক্ষকে এ চুক্তিপত্র স্বাক্ষরের পর অধিদফতরের সঙ্গে যোগাযোগপূর্বক Application Programming Interface (API), প্রয়োজনীয় প্রযোজ্য ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে;

(গ) দ্বিতীয় পক্ষ কর্তৃক প্রবেশাধিকার প্রাপ্তির পর সমাজসেবা অধিদফতর কর্তৃক নির্ধারিত ইউনিভার্সেল রিসোর্স লোকেটর-এ (URL) Application Programming Interface (API)-এর মাধ্যমে ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে। অত:পর দ্বিতীয় পক্ষ নিবন্ধিত নাগরিকগণের জাতীয় পরিচিতি নম্বর ও জন্মতারিখ 'Disability Information System'-এর সার্ভারে প্রেরণের মাধ্যমে নিম্নের তথ্য-উপাত্ত লাভ করতে পারবে।

১. নাম (বাংলা ও ইংরেজী);

২. পিতার নাম;

৩. মাতার নাম;

৪. স্থায়ী ঠিকানা;

৫. বর্তমান ঠিকানা;

৬. লিঙ্গ; এবং

৭. প্রতিবন্ধিতার ধরন ও মাত্রা।

দ্বিতীয় পক্ষের কাজের সঙ্গে সংশ্লিষ্টতা রয়েছে এমন প্রতিবন্ধী ব্যক্তিগণের উক্তরূপ তথ্য-উপাত্ত দ্বিতীয় পক্ষ নিজস্ব আইটি সিস্টেমে সংরক্ষণ করতে পারবে। তবে দ্বিতীয় পক্ষ কর্তৃক 'Disability Information System'-এ ডাটাবেজ হতে সংগৃহীত কোনো প্রতিবন্ধী ব্যক্তির ছবিসহ কোনো তথ্য-উপাত্তে কোনোরূপ পরিবর্তন অথবা সংশোধন করা যাবে না। কোনো প্রতিবন্ধী ব্যক্তির পরিচিতি নম্বরের বিপরীতে 'Disability Information System'-এ সংরক্ষিত তথ্য-উপাত্তের ছবিসহ কোনো তথ্যের সঙ্গে দ্বিতীয় পক্ষের তথ্য-উপাত্তের গরমিল পাওয়া গেলে, উপযুক্ত ক্ষেত্রে, সমাজসেবা অধিদফতর কর্তৃক তদন্তপূর্বক ভিন্নরূপ সিদ্ধান্ত প্রদান না করা পর্যন্ত 'Disability Information System'-এর তথ্য-উপাত্তই সঠিক বলে গণ্য হবে;

(ঘ) দ্বিতীয় পক্ষ কর্তৃক সমাজসেবা অধিদফতর অনুমোদিত আইপি অ্যাড্রেস (Real IP Address)-এর বাইরে তথ্য-উপাত্ত সংগ্রহ করা যাবে না। দ্বিতীয় পক্ষ কর্তৃক আইপি অ্যাড্রেস (Real IP Address) পরিবর্তন করতে চাইলে সমাজসেবা অধিদফতরকে লিখিতভাবে অবহিত করার পর পরিবর্তন করা যাবে। দ্বিতীয় পক্ষকে নিজস্ব Connecting Link-সহ সকল আইসিটি সরঞ্জামের কার্যকারিতা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে; এবং

(ঙ) ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তির পর তা ব্যবহার করে দ্বিতীয় পক্ষ 'Disability Information System'-এর ডাটাবেজে প্রবেশ করতে পারবে। দ্বিতীয় পক্ষ কর্তৃক ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তির পর নিরাপত্তার স্বার্থে প্রতি ১৫(পনেরো) দিনের মধ্যে পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে। দ্বিতীয় পক্ষের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে 'Disability Information System'-এর ডাটাবেজে প্রবেশের দায়ভার দ্বিতীয় পক্ষকেই বহন করতে হবে। 'Disability Information System'-এর ডাটাবেজ ব্যবহার শেষে দ্বিতীয় পক্ষকে অবশ্যই যথাযথ নিয়মে লগ-আউট করতে হবে। ইউজার আইডি ও পাসওয়ার্ডের কোন অবৈধ বা বেআইনি ব্যবহার গোচরীভূত হলে কিংবা এই ধরনের কোনো সন্দেহের উদ্রেক হলে দ্বিতীয় পক্ষ অতি দ্রুত সমাজসেবা অধিদফতরকে তা অবহিত করবে।

**অনুচ্ছেদ-২: 'Disability Information System' -এ তথ্য-উপাত্তের গোপনীয়তা সংক্রান্ত**

(ক) দ্বিতীয় পক্ষ 'Disability Information System'-এর ডাটাবেজ হতে কোনো প্রতিবন্ধী ব্যক্তি-সম্পর্কিত যেসব তথ্য-উপাত্ত সংগ্রহ করবে তার গোপনীয়তা বজায় রাখবে। দ্বিতীয় পক্ষ 'Disability Information System' হতে সংগৃহীত তথ্য-উপাত্ত কোনো অবস্থাতেই অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর, বিনিময় কিংবা অন্য কোনো পন্থায় প্রদান করতে পারবে না।

(খ) দ্বিতীয় পক্ষ কর্তৃক কোনো প্রতিবন্ধী ব্যক্তি-সম্পর্কিত তথ্য-উপাত্তের গোপনীয়তা লঙ্ঘন বা অন্য বেআইনি ব্যবহারের জন্য সমাজসেবা অধিদফতর দায়ী থাকবে না এবং এরূপ গোপনীয়তা লঙ্ঘন বা বেআইনি ব্যবহারের কারণে কোনো আইনগত কার্যধারার উদ্ভব হলে সমাজসেবা অধিদফতর ও সমাজসেবা অধিদফতর সংশ্লিষ্ট যে-কোনো ব্যক্তি দায়মুক্ত থাকবে। এরূপ ক্ষেত্রে সমাজসেবা অধিদফতর দায়ী ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

**অনুচ্ছেদ-৩: চুক্তি বাতিলকরণ, তথ্য- উপাত্ত সরবরাহ স্থগিতকরণ ইত্যাদি**

(ক) দ্বিতীয় পক্ষ কর্তৃক 'Disability Information System'-এ সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণের ক্ষেত্রে কোনো শর্ত লঙ্ঘিত হলে, অধিদফতর দ্বিতীয় পক্ষকে কেন এই চুক্তি বাতিল করা হবে না, তার কারণ দর্শানোর জন্য লিখিত নোটিশ প্রদান করবে এবং নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় পক্ষ সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হলে, অধিদফতর এই চুক্তি বাতিল করতে পারবে;

(খ) দ্বিতীয় পক্ষ, ডিআইএস (DIS)-এ সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণের সুবিধা সাময়িকভাবে স্থগিত করার অভিপ্রায়ে লিখিতভাবে তা অবহিত করলে অধিদফতরের অনুমোদন-সাপেক্ষে তা স্থগিত করা হবে; এবং

(গ) অধিদফতর নিজস্ব তথ্য-উপাত্ত রক্ষণাবেক্ষণের স্বার্থে দ্বিতীয় পক্ষকে কমপক্ষে ৯০ (নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে এই চুক্তি বাতিল করবে। দ্বিতীয় পক্ষ কর্তৃক স্থাপিত লিংক ও আইসিটি সরঞ্জাম স্থাপন ব্যয় কিংবা এর অংশবিশেষ ফেরত পাওয়ার অধিকারী হবে না।

**অনুচ্ছেদ-৪: সেবা প্রাপ্তিতে বিড়ম্বনা এবং প্রতিকার**

দ্বিতীয় পক্ষ যাতে নিরবচ্ছিন্নভাবে 'Disability Information System'-এ সংরক্ষিত তথ্য-উপাত্ত সংগ্রহ করতে পারে , সেই লক্ষ্যে অধিদফতর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কোনো কারণে সংযোগ সাময়িকভাবে বিচ্ছিন্ন হলে, তা অতি দ্রুত অধিদফতরকে অবহিত করতে হবে। অবহিত করবার ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে অধিদফতর তার প্রতিকার করবে। অধিদফতর বারবার উক্ত প্রতিকারে ব্যর্থ হলে, দ্বিতীয় পক্ষ, অনুচ্ছেদ ৩(গ) অনুসারে অধিদফতরকে ৯০(নব্বই) দিনের লিখিত নোটিশ প্রদানপূর্বক এই চুক্তি বাতিল করতে পারবে।

**অনুচ্ছেদ-৫: চুক্তিপত্রের কার্যকারিতা ও মেয়াদ**

এই চুক্তিপত্রটি স্বাক্ষরের তারিখ হতে কার্যকর হবে এবং প্রাথমিকভাবে মেয়াদ হবে চুক্তি স্বাক্ষরের তারিখ হতে ০১(এক) বছর। প্রাথমিক মেয়াদান্তে প্রতিবছর অনুরূপ একই শর্তানুসারে বা শর্তাবলি সংশোধনপূর্বক প্রয়োজনবোধে নবায়ন করা যাবে।

**অনুচ্ছেদ-৬: বিবিধ**

(ক) এই চুক্তিপত্র অনুসরণের ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩, তার অধীন প্রণীত বিধি ও এ-সংক্রান্ত নীতিমালা এবং তার সংশোধনী চুক্তি সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের জন্য বাধ্যতামূলকভাবে অনুসরণীয় হবে;

(খ) এই চুক্তিপত্রের অধীন DIS-এ সংরক্ষিত তথ্য-উপাত্ত গ্রহণের জন্য আইটি সিস্টেম ব্যবহার, আইপি ঠিকানার ব্যবহার, তথ্য-উপাত্তের গোপনীয়তা রক্ষাসহ প্রযুক্তিগত, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তার প্রতিকার বা প্রয়োজনীয় ব্যবস্থা বাংলাদেশে প্রচলিত সংশ্লিষ্ট আইন-কানুন বা আইনি কাঠামোর আওতায় হবে; এবং

(গ) এই চুক্তিপত্রের কোনো শর্ত ব্যাখ্যায় চুক্তি সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে কোনো মতদ্বৈততা বা বিরোধ দেখা দিলে, তা যথাসম্ভব আলাপ-আলোচনার মাধ্যমে মীমাংসা করা হবে। এরূপ মীমাংসার প্রচেষ্টা ব্যর্থ হলে, 'সালিশ আইন, ২০০১' (২০০১ সনের ১নং আইন)' অনুসারে সালিশের মাধ্যমে তা নিষ্পত্তি করা হবে।

*****

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd